

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা-১ শাখা
(www.mora.gov.bd)

নম্বর-১৬.০০.০০০০.০০৮.০১.০২৭.১৪.২৭৫

তারিখঃ ২২/০৬/২০১৭ খ্রিঃ

বিষয় : “মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায়” শীর্ষক প্রকল্পের মেয়াদ শেষে ৫ম পর্যায় প্রকল্প অনুমোদনের পূর্ব পর্যন্ত অন্তর্বর্তীকালীন সময়ে প্রকল্প পরিচালনা সংক্রান্ত।

সূত্র : ১৬.০৫.০০০০.১০১.১৮.০০১.১৪.৩৫৬, তারিখ: ২৯/০৫/২০১৭ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশিত হয়ে “মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায়” শীর্ষক প্রকল্পের মেয়াদ শেষে ৫ম পর্যায় প্রকল্প অনুমোদনের পূর্ব পর্যন্ত অন্তর্বর্তীকালীন সময়ে শিক্ষা কার্যক্রম চালু রাখা, প্রধান কার্যালয়সহ আঞ্চলিক কার্যালয়সমূহের বাড়িভাড়া পরিশোধ, কার্যালয়সমূহের আসবাবপত্র/অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণসহ অফিস চালু রাখার বিষয় নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হ’ল :

- (ক) ৪র্থ পর্যায় প্রকল্পের আওতায় পরিচালিত শিক্ষা কেন্দ্রসমূহ ডিসেম্বর’২০১৭ পর্যন্ত চলমান রাখতে হবে।
- (খ) ৫ম পর্যায় প্রকল্পটি যাতে জুলাই ২০১৭ থেকে জুন ২০২২ মেয়াদের জন্য অনুমোদিত হয়, সেভাবে প্রস্তাব করতে হবে।
- (গ) প্রস্তাবিত ডিপিপিতে জুলাই ২০১৭ হতে শিক্ষকদের সম্মানী, বাড়িভাড়া, জনবলের বেতন ভাতা এবং অন্যান্য আনুষঙ্গিক খরচ অন্তর্ভুক্ত করতে হবে।
- (ঘ) ৪র্থ পর্যায়ে নিয়োজিত জনবল ৫ম পর্যায় প্রকল্পে নিয়োগের আগ পর্যন্ত শিক্ষা কার্যক্রম চলমান রাখার স্বার্থে তাদের স্ব-স্ব দায়িত্ব পালন করতে পারে এবং উক্ত সময়ের জন্য মজুরি ভিত্তিতে তাদের বেতন ভাতা পরিশোধ করা যেতে পারে। তবে শর্ত থাকে যে, ৫ম পর্যায় প্রকল্পটি অনুমোদিত হলে মজুরি ভিত্তিতে তারা বেতন ভাতা প্রাপ্য হবেন।
- (ঙ) মাঠ পর্যায়ের কার্যক্রম চলমান রাখার জন্য প্রকল্পের প্রধান কার্যালয় হতে নির্দেশনা প্রদান করতে হবে।

শেখ শামছুর রহমান
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৭৭২৩৭

e- mail:moragovbd@gmail.com

বিতরণ : কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ১/আই, পরিবাগ, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, “মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায়” শীর্ষক প্রকল্প, ১/আই, পরিবাগ, ঢাকা।

নম্বর-১৬.০০.০০০০.০০৮.০১.০২৭.১৪.২৭৫

তারিখঃ ২২/০৬/২০১৭ খ্রিঃ

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে।

- ১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অফিস কপি/মাস্টার কপি।

শেখ শামছুর রহমান
সিনিয়র সহকারী প্রধান